Any person, who acquires shares of the Company and becomes a Member after the Notice has been sent electronically and holds shares as on the cut-off date i.e. August 21, 2026, can cast the vote by following the instructions mentioned in the Notice of the AGM.

In case of any queries pertaining to attending AGM & e-voting, members may refer to FAQs and the remote e-voting manual available at www.evotingindia.com under help section or write an e-mail to helpdesk.evoting@cdslindia.com or call at toll free no.1800 210 9911.

All grievances connected with the facility for voting by electronic means may be addressed to Mr. Rakesh Dalvi, AVP, (CDSL,) Central Depository Services (India) Limited, A Wing, 25th Floor, Marathon Futurex, Mafatlal Mill Compounds, N M Joshi Marg, Lower Parel (East), Mumbai - 400013 or send an email to helpdesk.evoting@cdslindia.com or call toll free no. 1800 210 9911.

The Board of Directors at their Meeting held on May 27, 2026 have recommended payment of dividend of Rs.20 per fully paid-up equity share of face value of Rs.10 each for the financial year ended on March 31, 2026. The Record date for determining the names of members eligible for dividend on equity shares, if declared at the AGM, is August 21, 2026.

As per the prevailing provisions under the Income-tax Act, 2025 (the Act), dividend paid or distributed by the Company is taxable in the hands of the Members. The Company shall therefore be required to deduct tax at source (TDS) at the prescribed rates at the time of making the payment of the dividend to the Members. All communications/queries in this respect should be sent at contact@mdplcorporate.com.

In order to enable the Company to determine the appropriate tax rate at which tax has to be deducted at source under the respective provisions of the Act; Members are requested to provide/submit documents as applicable to them on or before August 21, 2026 at contact@mdplcorporate.com. The dividend will be paid after deduction of tax at source as determined on the basis of the documents provided by the respective Members as applicable to them and being found to be complete and satisfactory in accordance with the Act. For more details, Members are requested to refer to the instructions mentioned in the Notice of the AGM.

Members holding shares in demat form are requested to register/update their KYC details (including any change in address or bank account details) to their respective DP and Members holding shares in physical form are mandatorily required to register/ update their KYC (including postal address, email address, permanent account number (PAN), bank account detail etc.) by submitting duly filled and signed Form ISR-1 to Maheshwari Datamatics Pvt. Ltd. 23, R.N. Mukherjee Road, 5th Floor, Kolkata- 700 001. Tel No. 033-2248 2248, 2243 5029 e-mail: contact@mdplcorporate.com to facilitate payment of dividends which shall be paid exclusively through electronic mode. Form ISR-1 is available on the website of RTA at mdpl.in/downloads.php

For **Alfred Herbert (India) Limited**
Sd/-
Trupti Upadhyay
Company Secretary & Chief Financial Officer

Place: Kolkata
Date: 1st August, 2026

Bank of Baroda

Bank of Baroda, Pali Road Branch: 324, Pinnacle Apartment, Dr. Ambedkar Road, Bandra West, Mumbai - 400050 **Tel No.:** 91-022-68844576, **Mob. No.:** 8657744579 **E-mail:** MCPALI@bankofbaroda.bank.in

POSSESSION NOTICE (For Immovable Property/ies)

Whereas, The undersigned being the Authorized Officer of the Bank of Baroda under the Securitization and Reconstruction of Financial Assets and Enforcement of Security Interest Act, 2002 (54 of 2002) and in exercise of powers conferred under Section 13(12) read with Rule 3 of the Security Interest (Enforcement) Rules, 2002 issued a **Demand Notice dated 05.05.2026 & Newspaper Publication done on 15.05.2026 in Financial Express & Pratahkal,** calling upon the Borrower, **M/s Snob Diner Lounge Bar represented by its Partners - Mr. Shabbir Hussain Abdul Rehman Shaikh & Mr. Pratik Pal Singh** to repay the amount mentioned in the notice being **Rs. 38,38,123.45 (Rupee Thirty-Eight Lakhs, Thirty-Eight Thousand, One Hundred Twenty-Three and Forty-Five Paise)** together with further interest thereon at the contractual rate plus costs, charges and expenses till date of payment within 60 days from the date of receipt of the said notice.

The Borrower having failed to repay the amount, notice is hereby given to the Borrower and the public in general that the undersigned has taken **Symbolic possession** of the property described herein below in exercise of powers conferred on him under sub-section (4) of section 13 of the Act read with Rule 8 of the Security Interest Enforcement Rules, 2002 on this the **30th day of July of the year 2026.**

The Borrower's attention is invited to the provision of sub-section (8) of section 13 of the Act, in respect of the time available, to redeem the secured assets.

The Borrower/Guarantors/Mortgagors in particular and the public in general are hereby cautioned not to deal with the property and any dealings with the property/ies will be subject to the charge of **Bank of Baroda, Pali Road, Bandra West Branch** for an amount of being **Rs. 38,38,123.45 (Rupee Thirty-Eight Lakhs, Thirty Eight Thousand, One Hundred Twenty-Three and Forty-Five Paise)** together with further interest thereon at the contractual rate plus costs, charges and expenses till date of payment.

Description of the Immovable Property:

Equitable Mortgage of immovable property at Unit No G-33 on ground floor, admeasuring 68 sq. Ft. carpet area in the building known as "Link Square" in the Link Square Premises Co-op. Society Ltd. situated at Road No. 33, Khar (West), Mumbai - 400050 in the name of Mr. Shabbir Hussain Abdul Rehman Shaikh

(Rajeev Berwa)
Chief Manager -Authorized Officer
Bank of Baroda, Pali Road, Bandra West Branch
Dated: 30-07-2026

SHAHLON SILK INDUSTRIES LTD.

CIN: L17120GJ2008PLC053464
Reg. off.: Plot No. 5, C.S. Nondh No. 451/A, R.S. No. 33/1 paiki, Nr. Narendra Dyeing Mill, B/h. Old Sub-Jail, Khatodara,Ring Road, Surat-395002, Gujarat, India.
Telephone: (0261) 3603200 I E-mail: info@shahlon.com I Website: www.shahlon.com

NOTICE

(For the kind attention of the Equity Shareholders of the Company)

Sub.: Transfer of Equity Shares of the Company toInvestor Education and Protection FundAuthority

This notice is published pursuant to the provisions of Section 124(6) of the Companies Act, 2013 ("the Act") read with Investor Education and Protection Fund Authority (Accounting, Audit, Transfer and Refund) Rules, 2016 ("the Rules") and amendments made thereto, the dividend declared during the Financial Year 2018-19which remained unclaimed/unpaid for a period of seven consecutive years will be due to be transferred by Shahlon Silk Industries Ltd. ("the Company") to Investor Education and Protection Fund Authority ("IEPF Authority") in November, 2026 and the Equity Shares pertaining to the aforesaid Dividend account will consequently be transferred to IEPF Authority.

Adhering to the various requirements set out in the Rules, the Company has communicated individually to the concerned shareholders whose shares are liable to be transferred to IEPF Authority under the said Rules for taking appropriate action(s) and the details of such shareholders are uploaded on the website of the Company at www.shahlon.com.

In this connection, please note the following:

a. In case you hold shares in physical form: Duplicate share certificate(s) will be issued and transferred to IEPF. The original share certificate (s) which stand registered in your names and held by you, will stand automatically cancelled.

b. In case you hold shares in electronic form: Your demat account will be debited for the shares liable for transfer to the IEPF.

In the event, valid claim for unclaimed dividend is not received by the company on or before September 15, 2026, the Company will proceed to transfer the said equity shares in favor of IEPF Authority without any further notice.

After transfer of shares to IEPF Authority as aforesaid, please note that no claim shall lie against the Company in respect of shares/ unclaimed dividend transferred to IEPF pursuant to the said Rules. However the concerned shareholders can claim the shares/ unclaimed dividend from IEPF Authority by making an application in the prescribed Form IEPF-5 online and sending the physical copy of the same, duly signed (as per the specimen signature recorded with the Company/RTA), along with the requisite documents enumerated in Form IEPF-5, to the Nodal Officer of the Company.

For claiming unclaimed/unpaid dividend the shareholders may contact the Company or Registrar and Transfer Agent, Bigshare Services Private Limited, Office No 303, Sun Square Complex, Near Chakradhari Society Bus Stop,Girish Cold Drinks Cross Road, C.G. Road, Navrangpura, Ahmedabad-380009, Gujarat, India, Tel. No.(079) 49196459, email: bssahd@bigshareonline.com.

Place : SURAT
Date: 01-08-2026

For Shahlon Silk Industries Ltd.
Hitesh K. Garmora (Company Secretary)

punjab national bank ...the name you can BANK upon!

Stressed Asset Management Branch, Mumbai
PNB Pragati Tower, 1st Floor, Plot No. C-9, G-Block, Bandra Kurla Complex, Bandra(East), Mumbai-400051, **Email:** zs8356@pnb.bank.in

SALE NOTICE FOR SALE OF IMMOVABLE PROPERTIES

E-Auction Sale Notice for Sale of Immovable Assets under the Securitisation and Reconstruction of Financial Assets and Enforcement of Security Interest Act, 2002 read with proviso to Rule 8 (6) of the Security Interest (Enforcement) Rules, 2002.

Notice is hereby given to the public in general and in particular to the Borrower (s) and Guarantor (s) that the below described immovable property mortgaged/charged to the Secured Creditor, the constructive/physical/ symbolic possession of which has been taken by the Authorised Officer of the Bank/ Secured Creditor, will be sold on "As is where is", "As is what is", and "Whatever there is" on the date as mentioned in the table herein below, for recovery of its dues due to the Bank/ Secured Creditor from the respective borrower (s) and guarantor (s). The reserve price and the earnest money deposit will be as mentioned in the table below against the respective properties.

SCHEDULE OF THE SECURED ASSETS

Sr. No.	Name of the Branch / Name of the Account / Name & addresses of the Borrower / Guarantors Account	Description of the Immovable Properties Mortgaged/ Owner's Name (Mortgagers of Property(ies))	A) Dt. Of Demand Notice u/s 13(2) of SARFESI ACT 2002 B) Outstanding Amount as on 17.02.2017 C) Possession Date u/s 13(4) of SARFESI ACT 2002 D) Nature of Possession Symbolic/Physical/Con-structive	A) Reserve Price (Amt in Rupees) B)EMD (Amt in Rupees) C) Bid Increase Amount (Amt in Rupees)	Date/Time of E-Auction	Details of the encumbrances known to the secured creditors
1.	**Stressed Asset Management Branch, Mumbai** **M/s. Sanghvi Buildtech LLP (Borrower)** Office- No.302, 3rd Floor, Arenja Arcade, Sector -17, Vashi, Navi Mumbai-400703. Works- 601/602, Sanghvi Square, MG Road, Opp. Bank of Baroda, Ghatkopar (W)Mumbai - 400086. **Kirti G. Sanghvi (Partner/ Guarantor)** Flat No. 4 Ghatkopar Shanti CHSL, Plot No. 217 Hingwala Lane Ghatkopar Mumbai 400077. **Harshad G. Sanghvi (Partner/ Guarantor)** Flat No. 801, 8th Floor, B Wing, Bldg. No. 1, Prem Ashish CHS Ltd. Nauroji Lane, Ghatkopar (W) Mumbai-400086. **Girish G. Sanghvi (Partner/ Guarantor)** B-702, Nauroji Chandan Park, Prem Ashish CHS., Ghatkopar (W) Mumbai-400086. **Mahesh G. Sanghvi (Partner/ Guarantor)** D-405 Emerald Apartment, Parsi Panchayat Road, Andheri (E) Mumbai -400050 **Nishant Kirti Sanghvi (Partner/ Guarantor)** Flat No-4 Ghatkopar Shanti CHSL, Plot No. 217 Hingwala Lane Ghatkopar Mumbai 400077. **Meena H Sanghvi (Partner/ Guarantor)** Flat No. 801, 8th Floor, B Wing, Bldg. No. 1, Prem Ashish CHS Ltd. Nauroji Lane, Ghatkopar (W) Mumbai-400086.	EQM of Flat No 801,on the 8th Floor in B Wing, admeasuring 1568 Sqft BUA with attached terrace admeasuring 875 sqft of the Bldg No 1, Prem Ashish CHS, Chandan park Navroji Lane, Ghatkopar (West) Mumbai- 400 086 Bearing New Survey No. 73 A, Hissa No. 5(p) and Hissa No. 8(p) and assessed by the Municipal Corporation of Greater Mumbai Ward 'N' No 7628, 7629,7630,7632 and 7633 and Bearing Street No 98 B, 98 E,98 F,98 H and 99 B of Village Kirol, MG Road, Ghatkopar West, Mumbai suburban District and Owned by Mrs. Mina Harshad Sanghvi	**A) 25.05.2023** **B) Rs. 25.02 Cr + further interest from date of NPA** **C) 13.09.2023** **D) Symbolic Possession**	**A) 3,25,00,000** **B) 32,50,000** **C) 3,00,000**	**24.08.2026 11:00 AM to 04:00 PM**	**1. SA/542/25 dtd 03/12/2025 pending before DRT-2, Mumbai** **2. Society dues Rs 3,44,55,371/- as per bill dtd 31/03/2026** **3. CPIB No 307 of 2026, list on 31.07.26**


TERMS AND CONDITIONS: The sale shall be subject to the Terms & Conditions prescribed in the Security Interest (Enforcement) Rules 2002 and to the following further conditions:

1. The properties are being sold on **"AS IS WHERE IS BASIS", "AS IS WHAT IS BASIS" and "WHATEVER THERE IS BASIS".**
2. The particulars of Secured Assets specified in the Schedule hereinabove have been stated to the best of the information of the Authorised Officer, but the Authorised Officer shall not be answerable for any error, misstatement or omission in this proclamation.
3. The Sale will be done by the undersigned through e-auction platform provided at the Website https:// Baanknet.com on date and time mentioned in the above table.
4. The Authorised Officer reserves the right to accept or reject any / all bids, or to postpone/cancel/adjourn/discontinue or vary the terms of the auction at any time without assigning any reason whatsoever and his decision in this regard shall be final.
5. All statutory dues / attendant charges / other dues including registration charges, stamp duty, taxes, statutory liabilities, arrears of property tax, electricity dues etc. shall have to be borne by the purchaser.
6. Account is under **Symbolic Possession**
7. For detailed term and conditions of the sale, please refer **https:// Baanknet.com, www.pnbindia.in**

Date: 01.08.2026
Place : Mumbai

For Punjab National Bank
Santosh Krishna, Chief Manager,
Authorised Officer, Punjab National Bank, Secured Creditor
Contact No: 7709754098

STATUTORY SALE NOTICE UNDER RULE 8(6) OF THE SARFAESI ACT, 2002



শিল্প প্রতিমন্ত্রীর কাছে কারখানা বাঁচানোর কাতর আর্জি শ্রমিকদের

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া: 'কারখানাটা বাঁচান। বাচ্চাদের পড়াশোনা বন্ধ হয়ে যাবে। ঘর, সংসার, চিকিৎসা,বাচ্চাদের পড়াশোনা সবটাই এই কারখানার ওপর নির্ভরশীল।' শিল্প প্রতিমন্ত্রী মৌমিতা বিশ্বাস মিশ্রের সামনে এভাবেই কান্নায় ভেঙে পড়েন বিষ্ণুপুরের দ্বারিকা শিল্পতালুকের টাটা স্টিল কারখানার শ্রমিকরা। এই কারখানা তাদের আয়ের একমাত্র উৎস। কারখানা বন্ধ হয়ে যাওয়ার আশঙ্কায় রাতে ঘুম হয় না। রাজ্যের শিল্প প্রতিমন্ত্রীকে কাছে পেয়ে হাতজোড় করে কাতর মিনতি করেন শ্রমিকরা। অন্যদিকে শিল্প প্রতিমন্ত্রী তাদের আশ্বস্ত করে বলেন যে কারখানা চালু রাখা ও কর্মসংস্থানের প্রসার ও সুরক্ষায় রাজ্য সরকার সর্বোচ্চ গুরুত্ব দেবে। এটাই বর্তমান রাজ্য সরকারের নীতি।শুক্রবার বিষ্ণুপুর শহর সংলগ্ন দ্বারিকাশিল্পতালুক পরিদর্শনে আসেন শিল্প প্রতিমন্ত্রী মৌমিতা বিশ্বাস মিশ্র। তাঁর সঙ্গে ছিলেন বিষ্ণুপুরের বিধায়ক শুক্লা চট্টোপাধ্যায়। এছাড়া উপস্থিত ছিলেন জেলা ও মহকুমা প্রশাসন, শিল্প দপ্তর ও পুলিশ আধিকারিকরা। দ্বারিকা শিল্পতালুকের বিভিন্ন কারখানার কর্তৃপক্ষ ও শিল্প সংগঠনের প্রতিনিধিরা। এপ্রেক্ষিতে উল্লেখ্য, সম্প্রতি বিধানসভার বাদল অধিবেশনে বিষ্ণুপুরের বিধায়ক শুক্লা চট্টোপাধ্যায় দাবি করেন যে দ্বারিকা শিল্পতালুকে একসময় প্রায় ১৮টি কারখানা চালু ছিল। তৃণমূল সরকারের আমলে সিন্ডিকেট রাজ, কাটমানি ও স্থানীয় দাপুটে নেতাদের তোলাবাজির জেরে অধিকাংশ শিল্প একে একে বন্ধ হয়ে গিয়েছে। এই অভিযোগ শোনার পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী শিল্পাঞ্চলের বাস্তব পরিস্থিতি খতিয়ে দেখার নির্দেশ দেন। মুখ্যমন্ত্রীর নির্দেশে শিল্প প্রতিমন্ত্রী বিষ্ণুপুর আসেন। এদিন শিল্পাঞ্চলের বর্তমান পরিস্থিতি নিয়েএক ঘন্টারও বেশি সময় ধরে বৈঠকে আলোচনা করা হয়। বিশেষ সূত্রে জানা গেছে, যে টাটা স্টিল সহ চালু কারখানাগুলিকে কীভাবে সচল রাখা এবং বন্ধ হয়ে যাওয়া কারখানাগুলির ফের চালু করা যায় তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। এসময় প্রতিমন্ত্রীকে সামনে পেয়ে কাতর আর্জি জানান শ্রমিকরা। তাদের আশ্বাস দেন প্রতিমন্ত্রী। এই আশ্বাসের পর টাটা স্টিল-সহ ধুঁকতে থাকা বা বন্ধ থাকা কারখানাগুলি ফের চালু হবে বলে মনে করছেন তারা। এ প্রেক্ষিতে উল্লেখ্য, সম্প্রতি পশ্চিমাঞ্চল চেম্বার অব ইন্ডাস্ট্রিজের পক্ষ থেকে দ্বারিকা শিল্পাঞ্চলের হাল ফেরাতে রাজ্য সরকারের কাছে বিশদ প্রস্তাব রাখা হয়েছে। সম্প্রতি নবান্নে অর্থ দফতরে উদ্যোগে রাজ্যে বিনিয়োগ সংক্রান্ত বিষয় নিয়ে একটি বিশেষ বৈঠক হয়। ওই বৈঠকে আলোচনার জন্য জেলাগুলির শিল্পমহলের কাছ থেকে বিভিন্ন প্রস্তাব প্রশাসনের মাধ্যমে চেয়ে পাঠানো হয়ে ছিল। বাঁকুড়া জেলার শিল্প পরিকাঠামো উন্নয়নে ১২টি প্রস্তাব জেলা প্রশাসনের কাছে জমা দিয়েছে পশ্চিমাঞ্চল চেম্বার অব ইন্ডাস্ট্রিজ। সেই প্রস্তাবগুলির মধ্যে দ্বারিকা শিল্পাঞ্চলের হাল ফেরাতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার অনুরোধ করা হয়েছে। তাঁদের বক্তব্য, বিষ্ণুপুর- দুর্গাপুর ও বর্ধমান রাস্তার ওপর এই শিল্পাঞ্চল। এই এলাকার পাশেই রয়েছে আরামবাগ, ডানকুনি, হাওড়া, কলকাতা, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর ও খড়্গপুর যাওয়ার সংযোগকারী রাস্তা। ফলে দ্বারিকা শিল্পাঞ্চলের সঙ্গে বর্ধমান, রানিগঞ্জ, দুর্গাপুর ও খড়্গপুরের যোগাযোগ ব্যবস্থা উন্নত করার সুযোগ রয়েছে। ফলে দ্বারিকা-সহ এই শিল্পাঞ্চলগুলিকে নিয়ে একটি ইন্ডাস্ট্রিয়াল করিডর গড়ে তোলাও সম্ভব। এতে বর্তমানে চালু থাকা শিল্প সংস্থার উন্নয়নের পাশাপাশি বন্ধ হয়ে পড়া সংস্থাগুলি ফের খোলা এবং নতুন শিল্প আসার সুযোগ গড়ে উঠবে। এতে তৈরি হবে কর্মসংস্থান। বাঁকুড়ার আর্থিক অবস্থার উন্নয়ন ঘটবে। তাদের আরও দাবি ওই শিল্পাঞ্চলে নিরবচ্ছিন্ন বিদ্যুতের জোগান দিতে রাজ্য বিদ্যুৎ বন্টন সংস্থার সাবস্টেশন রয়েছে। সেই সাবস্টেশনের পরিষেবা ও মানোন্নয়ন করার সুযোগ রয়েছে। তাছাড়া বিকল্প বিদ্যুৎ সরবরাহ চালু রাখতেডিভিসির বিদ্যুৎ সংযোগ নেওয়ার সুযোগ রয়েছে। তাছাড়া এলাকায় শ্রমিকেরও সুযোগ রয়েছে। দ্বারিকা শিল্পাঞ্চলের হাল ফেরাতে এভাবেই সুযোগ ও সম্ভাবনার কথা বিশদে তুলে ধরে এই আবেদন রেখেছে শিল্পমহল। এ প্রেক্ষিতে উল্লেখ্য, বাম আমলে দ্বারিকা- গোঁসাইপুর পঞ্চায়েতের ১৭৩ একর জমি নিয়ে গড়ে ওঠে এই শিল্প তালুক। এই তালুকে শিল্প গড়লে বিদ্যুতে ছাড় দেওয়ার সিদ্ধান্ত নিয়ে ছিল রাজ্য সরকার। এই ঘোষনায় ১৮ শিল্প সংস্থা এগিয়ে আসে। প্রচুর শ্রমিক কাজ পান। এলাকা দোকান ও বাজারে ভরে ওঠে। বাড়ি ভাড়া চাহিদা বাড়ে। বাসগুলিও শ্রমিকদের আসা যাওয়ায় খুশি। এই রমরমা অবস্থা বেশি দিন স্থায়ী হয় নি। রাজ্য সরকার বিদ্যুতের ওপর শিল্প সংস্থা গুলিকে দেওয়া ভর্তুকি তুলে দেয়। এতে কয়েকটি শিল্প সংস্থা বন্ধ হয়ে যায়। সেসময় রমরমিয়ে চলা ৩টি স্পঞ্জ আয়রন কারখানা দূষনের দায়ে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নির্দেশে বন্ধ হয়ে যায়। তাছাড়া আরও দুটি কারখানা বিরুদ্ধে দূষণ ছড়ানোর অভিযোগ ছিল। সেসময় পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নির্বাচিত বাঁকুড়ার কনভেনর এনজিও মাই ডিয়ার ট্রিজ এন্ড ওয়াইল্ডস শিল্প সংস্থাগুলির দূষণ নিয়ন্ত্রণে তাদের পাশে দাঁড়ায়। এই যৌথ উদ্যোগে দূষণ নিয়ন্ত্রণ করে ফের চালু করতে উদ্যোগ নিয়েছিল সংস্থাগুলি। এসময় সরকার বদল হয়। তৃণমূল ক্ষমতায় আসার পর সব থেমে যায়। ফের সরকার বদলের পর শিল্প সংগঠন এবং স্থানীয় বিধায়ক এই শিল্পাঞ্চল ফের বাঁচাতে সরকারের হস্তক্ষেপ দাবি করেছেন। সেই দাবিকে মান্যতা দিতে শিল্প প্রতিমন্ত্রীর এই পরিদর্শন ও বৈঠক। অন্যদিকে গোপালপুর, দ্বারিকা, অবন্তিকা,ভাটরা, জয়কৃষ্ণপুর, ডিহর, পাত্রবাগড়া, কাঁকিলা ইত্যাদি বিস্তীর্ণ এলাকার বাসিন্দারাও চাইছেন ফের শিল্পের হাল ফিরুক দ্বারিকায়।

গৌড়কন্যা বাস টার্মিনাসে সমাজ বিরোধীদের দৌরাত্ম্য, বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদন, মালদা: মালদার গৌড়কন্যা বাস টার্মিনাসে সমাজ বিরোধীদের দৌরাত্ম্য অভিযোগকে ঘিরে চরম উত্তেজনা ছড়ালো। আর এই ঘটনায় শনিবার সকাল থেকেই বেসরকারি বাস বন্ধ রেখেই প্রতিবাদে সোচ্চার হন গৌড়কন্যা বাস টার্মিনাসের চালক, খালাসিরা। তাঁদের অভিযোগ, বিজেপির শ্রমিক সংগঠন ভারতীয় মজদুর সংঘের নাম করে তোলাবাজি, হুমকি এবং চালকদের মারধর করা হয়েছে। তাই এদিন প্রতিবাদে কয়েক ঘন্টার জন্য মালদা জেলার সমস্ত রুটে বাস চলাচল বন্ধ রেখে গৌড়কন্যা বাস টার্মিনাসে বিক্ষোভ দেখানো হয়। পাশাপাশি পুরো বিষয়টি নিয়ে একদল দুষ্কৃতীদের বিরুদ্ধে ইংরেজবাজার থানায় অভিযোগ দায়ের করেছেন সংশ্লিষ্ট বাস টার্মিনাসের চালক ও খালাসিরা। গৌড়কন্যা বাস টার্মিনাসের চালকদের অভিযোগ, তাঁদের কাছ থেকে তোলার জন্য হুমকি দেওয়া হচ্ছে। ভারতীয় মজদুর সংঘের নাম করে এই তোলাবাজি করা হচ্ছে।



প্রতিবাদ করলে তাঁদের মারধর করা হচ্ছে। ঠিক একইরকম ভাবে রাত হলে সমাজ বিরোধীদের আখড়া বসছে। এই পরিস্থিতিতে আজ তাঁরা গাড়ি বন্ধ রেখে বিক্ষোভ দেখান। গৌড়কন্যা বাস টার্মিনাস সূত্রে জানা গিয়েছে, মালদা থেকে প্রতিদিন বহরমপুর , রায়গঞ্জ, বালুরঘাট, শিলিগুড়ি ছাড়াও জেলার বিভিন্ন পকেট রুটের প্রায় ৩৫০ বেসরকারি বাস চলাচল করে। বিগত দিনে এই গৌড়কন্যা বাস টার্মিনাসের নিয়ন্ত্রণ ছিল তৃণমূলের শ্রমিক সংগঠন আইএনটিইউসির হাতে। কিন্তু সরকারের ক্ষমতার পালাবদল হতেই এখন আর সেই সংগঠন এখানে আর নেই। এই দুর্বলতার সুযোগ নিয়েই একদল দুষ্কৃতী এরকম ভাবেই দাপট দেখাচ্ছে বলে অভিযোগ। গৌড়কন্যা বাস টার্মিনাস চালক শ্রমিক সংগঠনের সভাপতি সুশান্ত তলাপাত্র বলেন, 'এক সময় এখানে তৃণমূলের সংগঠন ছিল। কিন্তু সরকার বদল হতেই আর সেই সংগঠন এখন নেই। এরই মধ্যে বেশ কিছুদিন ধরেই বিজেপির শ্রমিক সংগঠন ভারতীয় মজদুর সংঘের নাম করেই গোপাল রায়, সৌমেন সরকার, অর্জুন ঘোষ, জহর মণ্ডলদের মতো একদল মাতব্বরেরা এখানে অত্যাচার চালাচ্ছে। বাস চালক খালাসিদের কাছ থেকে জোর করে টাকা ছিনতাই করা হচ্ছে। এইসব ঘটনার প্রতিবাদ জানিয়ে এদিন সকাল থেকেই বেসরকারি বাস চলাচল বন্ধ রাখা হয়েছিল।' এদিকে যাদের নাম দিয়ে পুলিশে অভিযোগ দায়ের হয়েছে ঘটনার পর থেকে তারা অবশ্য গা ঢাকা দিয়েছে বলে জানা গিয়েছে। যদিও এব্যাপারে বিজেপির শ্রমিক সংগঠন ভারতীয় মজদুর সংঘের মালদা জেলার সম্পাদক সুমিত মিত্র জানিয়েছেন, 'গৌড়কন্যা বাস টার্মিনাসে তাঁদের কোনও সংগঠন নেই। যদি কেউ এই সংগঠনের নাম করে তোলাবাজি এবং অপরাধমূলক কাজকর্ম করলে পুলিশকে ব্যবস্থা নেওয়ার দাবি জানাব।'

চিকিৎসায় গাফিলতিতে রোগী মৃত্যুর অভিযোগ

কাঠগড়ায় মালদা মেডিক্যাল

নিজস্ব প্রতিবেদন, মালদা: চিকিৎসায় গাফিলতিতে রোগী মৃত্যুর অভিযোগ উঠল মালদা মেডিক্যাল কলেজ ও হাসপাতালের কর্মরত চিকিৎসক ও নার্সের বিরুদ্ধে। শুক্রবার রাতের এই ঘটনায় কার্যত উত্তেজনা ছড়িয়ে পড়ে মেডিক্যাল কলেজ চত্বরে পুরো বিষয়টি নিয়ে মৃত মহিলা রোগীর পরিবার মেডিক্যাল কলেজের প্রিন্সিপাল পার্থপ্রতিম মুখোপাধ্যায়ের কাছে লিখিত অভিযোগ জানিয়েছেন।

মেডিকেল কলেজ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মৃত রোগীর নাম সাথী মণ্ডল (৪৩)। তার বাড়ি ইংরেজবাজার শহরের দক্ষিণ বালুচর এলাকায়। শুক্রবার দুপুর বারোটা নাগাদ বাড়িতেই হিদরোগে আক্রান্ত হয় ওই মহিলা। এরপর তড়িঘড়ি দুপুর সাড়ে বারোটায় অসুস্থ এই মহিলাকে মালদা মেডিক্যাল কলেজে ভর্তি করানো হয়। পরিবারের অভিযোগ, মেডিকেল কলেজের ট্রমা কেয়ার ইউনিটে ভর্তির পর প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করা হয় নি। সঠিক পরামর্শ এবং ট্রেচার না পাওয়ায় রোগীর স্বজনেরা মুমূর্ষু রোগীকে নিয়ে ট্রমা কেয়ার ও ইমার্জেন্সির মধ্যে ছোটাছুটি করতে বাধ্য হন। পরবর্তীতে রোগীকে ফিমেল ওয়ার্ডে নিয়ে যাওয়া হলেও কর্মরত নার্সেরা চিকিৎসা না করে তারা মোবাইলে ব্যস্ত ছিলেন। চিকিৎসার আর্জি জানাতে গেলে পরিবারের সঙ্গে দুর্ব্যবহার করা হয়। এমনকি ভর্তির প্রায় সাত ঘন্টা পর চিকিৎসা ঠিকঠাক না করে, মৃত্যুর খবর জানান কর্তব্যরত নার্সেরা। চিকিৎসার চরম গাফিলতির প্রতিবাদ জানালে পরিজনদের ধাক্কা মেরে হাসপাতাল থেকে বের করে দেওয়া হয়। মৃত মহিলার এক বোন শিল্পী মন্ডল জানিয়েছেন, ঘন্টার পর ঘন্টা হৃদরোগে আক্রান্ত ওই রোগী চিকিৎসা না পেয়ে অবশেষে মৃত্যুর কোলে ঢলে পড়ে। এই ঘটনার ব্যাপারে মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষকে লিখিত অভিযোগ জানানো হয়েছে। মালদা মেডিক্যাল কলেজের প্রিন্সিপাল পার্থ প্রতিম মুখোপাধ্যায় বলেন, 'প্রাথমিকভাবে যতটুকু জানা গিয়েছে প্রথম থেকেই ওই মহিলা রোগীর অবস্থা ভালো ছিল না। তবে যে অভিযোগ করা হয়েছে তা কতটা সঠিক বলতে পারব না।

বালুরঘাটে মিষ্টিমুখ আশা ও অঙ্গনওয়াড়ি কর্মীদের

নিজস্ব সংবাদদাতা, বালুরঘাট: রাজ্যে রাজনৈতিক পালাবদলের পর নতুন সরকার ক্ষমতায় এসে যে একাধিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করেছিল, তার মধ্যে অন্যতম ছিল আশা ও অঙ্গনওয়াড়ি কর্মীদের মাসিক ভাতা ৫ হাজার টাকা বৃদ্ধি। বেতন বৃদ্ধির খবরে বালুরঘাট শহরের জলযোগ মোড়ে একত্রিত হন বহু আশা ও অঙ্গনওয়াড়ি কর্মী। নতুন বেতন পাওয়ার আনন্দে তাঁরা একে অপরকে মিষ্টিমুখ করান এবং রাজ্য সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

প্রাপ্তি বাড়তি ৫ হাজার টাকা

বাঁধভাঙা উচ্ছ্বাসের মাঝে এদিন মুখ্যমন্ত্রীর সমর্থনে স্লোগানও দিতে দেখা যায় কর্মসূত্রে উপস্থিত কর্মীদের। উপস্থিত আশা কর্মীদের বক্তব্য, দীর্ঘদিন ধরে বিভিন্ন সরকারের কাছে ভাতা বৃদ্ধির দাবি জানানো হলেও সেই দাবি অধরাই থেকে গিয়েছিল। নতুন সরকার তাঁদের দীর্ঘদিনের আর্থিক সমস্যার কথা বিবেচনা করে অবশেষে প্রতিশ্রুতি রক্ষা করেছে বলেই তাঁরা মনে করছেন। ভাতা ৫ হাজার টাকা বৃদ্ধি পাওয়ার ফলে পরিবার চালাতে তাঁদের অনেকটাই স্বস্তি মিলবে। এদিনের এই বিশেষ মুহূর্তে আশা কর্মীদের পাশাপাশি উপস্থিত ছিলেন অাইসিডিএস কর্মীরাও। সরকারের এই উদ্যোগকে একটি ইতিবাচক ও প্রশংসনীয় পদক্ষেপ বলে অভিহিত করে তাঁরাও এই প্রাপ্তিকে সানন্দে স্বাগত জানান।

লেনদেনের ভাইরাল ভিডিও, সরগরম বসিরহাটের রাজনীতি

নিজস্ব প্রতিবেদন, বাদুড়িয়া: চিটফান্ডের অফিসে বিজেপির অস্থায়ী দলীয় কার্যালয়ে আর্থিক লেনদেনের ছবি ভাইরাল হয়েছিল। তাই নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক চাঞ্চল্য। বিজেপির দাবি, তৃণমূল কংগ্রেস ও সিপিএম উদ্দেশ্যপ্রণোদিত ভাবে বিজেপিকে কালিমালিপ্ত করতে চাইছে। বিজেপির সঙ্গে টাকা লেনদেনের অভিযোগ সম্পূর্ণ মিথ্যা। বিবাদমান একটি জমির বায়না সংক্রান্ত বিষয়ে ক্রেতা বিক্রেতাদের আর্থিক লেনদেনের ভিডিও ছিল। বায়নার চুক্তিপত্রও আছে বলে বিজেপির দাবি। যদিও বিজেপির এই দাবি মানতে নারাজ কংগ্রেস ও বাদুড়িয়াবাসী। তাদের পাল্টা দাবি, জমি বিক্রি টাকা কেন বাদুড়িয়া চিটফান্ডের অস্থায়ী বিজেপির দলীয় কার্যালয়ের মধ্যে লেনদেন হবে। জমি সমস্যা থাকলে আদালতে বা পুলিশ, প্রশাসন তাদের দফতরে বসে করবে। বিজেপির অস্থায়ী পার্টি অফিসে কেন হবে। জমির জমাব সালিশি সভা করার অনুমতি কি বিজেপি তাদের দলের কর্মীদের দিয়েছে? নাকি এর পেছনে বিগত দিনের তৃণমূল কংগ্রেসের মত দুর্নীতির গন্ধ আছে? এই নিয়ে প্রশ্ন তুলেছে বাদুড়িয়ার মানুষ। একটি ভিডিও (ভিডিওর সত্যতা যাচাই করেনি একদিন পত্রিকা) তৃণমূল কংগ্রেসের আইটি সেল থেকে প্রকাশ করা হয়েছে। সেখানে দেখা গেছে, টেবিলের উপর সারি সারি ৫০০ টাকার বান্ডিল। বসে আছেন বিজেপি দুই বসিরহাট সাংগঠনিক জেলা কমিটির সদস্য। তাদের সামনেই টাকা লেনদেন হচ্ছে ও তার হিসাব লেখা হচ্ছে। ছবি সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে। এই ভিডিওর সত্যতা যাচাই করা হয়নি। আর তাই নিয়েই উত্তর ২৪ পরগনা জেলার বসিরহাট মহকুমার বাদুড়িয়াতে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। অল ইন্ডিয়া তৃণমূল কংগ্রেস এর সোশ্যাল মিডিয়ায় ওই ভিডিও ইতিমধ্যেই ভাইরাল হয়েছে। যেখানে তৃণমূলের পক্ষ থেকে দাবি করা হয়েছে, বিজেপির সিন্ডিকেট রাজ চলছে, শাসক দলের প্রভাব খাটিয়ে নেতারা আর্থিক লেনদেন চালাচ্ছে। এমনকি শাসক রাজনৈতিক দলের এটিএম বলেও ব্যাখ্যা করা হয়েছে। উত্তর ২৪ পরগানার বসিরহাট মহকুমার বসিরহাট বিজেপি সাংগঠনিক জেলার দুই সদস্য বাদুড়িয়ার বিশ্বজিৎ পাল ও সঞ্জয় ঘোষ সেই লেনদেনের সময় ঘরে উপস্থিত ছিলেন। তারা বলেন, 'বাদুড়িয়ার ফদুরহাটির বাসিন্দা এক বৃদ্ধ কাজল চক্রবর্তীর সাথে তাঁর প্রতিবেশী আলমগীর মণ্ডলের মধ্যে একটি জমি কেনা বেচা নিয়ে বহুদিন ধরে বিবাদ চলছিল। তারা আমাদের কাছে এসেছিল সমস্যার সমাধানের জন্য। বিশ্বজিৎ পাল এর দাবি, দীর্ঘ আলোচনার মাধ্যমে ঠিক হয় দুটি দাগের ওই জমি কাজল চক্রবর্তী ২৬ লক্ষ টাকার বিনিময়ে আলমগীর মণ্ডলকে বিক্রি করবে। সেই মর্মেই একটি বায়নার চুক্তিপত্র হয় গত ১৭ জুন। সেখানেই আমাদের উপস্থিতিতে চুক্তিপত্র মত একপক্ষ অন্য পক্ষকে টাকা দেয়। ঘটনার তথ্যপ্রমাণ রাখার জন্য আমরাই বলি গোটা প্রক্রিয়ার ভিডিও করে রাখতে। ৫-৬ জন সেই ভিডিও করে। সেই ভিডিওই কেউ বাইরে প্রকাশ করেছে। তাই নিয়ে তৃণমূল ও সিপিএম ঘৃণ্য রাজনীতি শুরু করেছে বলে দুই বিজেপি নেতার দাবি। কিন্তু প্রশ্ন হচ্ছে কেন চিটফান্ডের অফিসে বিজেপির অস্থায়ী দলীয় কার্যালয় টাকা লেনদেন হবে? এই নিয়ে প্রশ্ন তুলেছে বাদুড়িয়ার মানুষ।' ইতিমধ্যে রাজ্য কংগ্রেসের এসসি-এসটি সেলের চেয়ারম্যান বিশ্বজিৎ রায় বলেন, 'আমরা এতদিন জানতাম তৃণমূল কংগ্রেস দুর্নীতিগ্রস্ত। কিন্তু এখন দেখতে পাচ্ছি যারা শাসক তারাই দুর্নীতিগ্রস্ত। নিচু তলায় সিন্ডিকেট চলছে। পাশাপাশি তোলাবাজিও চলছে। নিচু তলায় তৃণমূল কংগ্রেসের নেতা, কর্মীরা বিজেপি নেতাকর্মী সমর্থকদের কাছে গিয়ে আত্মসমর্পণ করে সেটিং মানির বিনিময় সেটিং করছেন। দুর্নীতি আটকাতে যাদের তাড়িয়ে যাদের আনা হল তাদের একাংশ দুর্নীতিতে লিপ্ত হওয়াতে সাধারণ মানুষ আশাহত হয়ে পড়েছেন।' সবমিলিয়ে ভাইরাল ভিডিও ঘিরে রীতিমতো চর্চায় বসিরহাটের রাজনীতি।

গ্রেপ্তার ৮ জন বালি মাফিয়া

নিজস্ব প্রতিবেদন, বাদুড়িয়া: অবৈধভাবে নদীর বালি কাটায় নদীর গতিপথের পরিবর্তন হচ্ছে। ক্ষতি হচ্ছে পরিবেশের। তাই এই বিষয়ে কড়া পদক্ষেপ নিল বসিরহাট পুলিশ। উত্তর ২৪ পরগনা বসিরহাট মহকুমার বাদুড়িয়া ইছামতি নদী থেকে নৌকা করে অবৈধ বালি তুলছিল বালি মাফিয়ারা। নির্দিষ্ট তথ্যের ভিত্তিতে বসিরহাট পুলিশ জেলার বাদুড়িয়া থানার অন্তর্গত ইছামতী নদীর নদীগর্ভ থেকে বেআইনি বালি উত্তোলনের বিরুদ্ধে একটি অভিযান পরিচালনা করা হয়। অভিযানকালে বালিবোঝাই ৬টি ইঞ্জিনচালিত নৌকা আটক করা হয়। নদীর তীরে নৌকা থেকে বালি নামানোর সময় ৮ জনকে গ্রেপ্তার করা হয়। ভারতীয় ন্যায় সংহিতা এবং খনি ও খনিজ আইনের প্রাসঙ্গিক ধারায় একটি মামলা রুজু করা হয়েছে।

মেদিনীপুরে দুর্ঘটনার কবলে ছাত্র-ছাত্রীরা

নিজস্ব প্রতিবেদন, মেদিনীপুর: বড়সড় দুর্ঘটনার কবল থেকে অল্পের জন্য রক্ষা পেল স্কুল ভ্যানে থাকা ছাত্রছাত্রীরা। শনিবার স্কুল ছুটির পর মেদিনীপুর শহরে রাঙামাটি এলাকায় উড়ালপুল দিয়ে একটি ভ্যানে করে বাড়ি ফিরছিল ১২ জন ছাত্র-ছাত্রী। সেই সময় উড়ালপুলের উপর দিয়ে যাওয়া একটি বেপরোয়া প্রাইভেট কার সরাসরি ধাক্কা মারে স্কুল ভ্যানটিকে। ভ্যানটির সামনের দিক দুমড়ে-মুচড়ে যায়। গুরুতর জখম অবস্থায় ভ্যানের চালক ও এক ছাত্রীকে দ্রুত উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। দুর্ঘটনার পর স্থানীয়রা দ্রুতগতির যানবাহন নিয়ন্ত্রণের দাবিতে বিক্ষোভ দেখান। কোতোয়ালি থানার পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। দুর্ঘটনার পর দীর্ঘক্ষণ মেদিনীপুর-ঝাড়গ্রাম রাজ্য সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়।

৭৮ বছরের গৌরবময় পথচলা

প্রতিষ্ঠা দিবসে আবেগঘন নেতাজি মহাবিদ্যালয়

নিজস্ব প্রতিবেদন, আরামবাগ: শিক্ষা, সংস্কৃতি ও ঐতিহ্যের দীর্ঘ পথচলাকে স্মরণ করে প্ল্যাটিনাম জুবলির আবহে শনিবার জাঁকজমকপূর্ণভাবে পালিত হল আরামবাগের নেতাজি মহাবিদ্যালয়ের ৭৮তম প্রতিষ্ঠা দিবস। কলেজ অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ড. সচ্চিদানন্দ রায়, সহকারী অধ্যক্ষ ড. বিশ্বনাথ গড়াই ও আরামবাগের বিধায়ক হেমন্ত বাগ, আরামবাগ গার্লস কলেজের অধ্যক্ষ ড. রিনি নাথ-সহ বিশিষ্ট জনেরা এবং অধ্যাপক অধ্যাপিকা, শিক্ষাকর্মী, প্রাক্তন ও বর্তমান ছাত্রছাত্রী-সহ বিশিষ্ট অতিথিরা। অনুষ্ঠানের সূচনায় মহান স্বাধীনতা সংগ্রামী



নেতাজী সুভাষ চন্দ্র বসুর আবক্ষ মূর্তিতে মাল্যদান করা হয়। তারপর কলেজের প্রতিষ্ঠাতা ড. রাধাকৃষ্ণ পালের আবক্ষ মূর্তিতে মাল্যদান করা হয়। তারপর প্রদীপ প্রজ্বলন ও বৈদিক মন্ত্র উচ্চারণের মাধ্যমে প্রতিষ্ঠাতা ও প্রয়াত শিক্ষকদের প্রতি শ্রদ্ধা জানানো হয়। আরামবাগের কালিপুরে অবস্থিত নেতাজি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. সচ্চিদানন্দ রায় বলেন, 'আজ কলেজের ৭৮তম জন্মদিন। কলেজ এগিয়ে চলেছে তার প্রথাগত গতিতে। বহু গুণী মানুষ এই কলেজ থেকে বেরিয়েছেন। তাই এই দিনটাকে ছুটি হিসেবে নয় গুরুত্ব সহকারে পালন করছি। আমরা সবাই মিলে এই কলেজকে এগিয়ে নিয়ে যাবো। আজ এটা একটা মাইলস্টোন।' প্রসঙ্গত, স্বাধীনোত্তর ভারতের গোড়ার দিকে ১৯৪৮ সালে কালিপুরে কলেজ প্রতিষ্ঠা করতে গিয়ে ডা রাধাকৃষ্ণ পাল 'নেতাজি' নামটাই গ্রহণ করেন তাঁর বিরল কর্মকাণ্ডের প্রতি অকৃত্রিম শ্রদ্ধাবশত। নানা প্রতিকূল পরিবেশকে নিয়ন্ত্রণে এনে শেষ পর্যন্ত ডাঃ পাল এক্ষেত্রে সফল হন।

নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লিমিটেড
CIN: L92419WB1989PLC046487
রেজিঃ অফিস : "ঝিলমিল", সেক্টর-৪, সল্টলেক সিটি কলকাতা-৭০০১০৬
টেলি: (০৩৩) ৬৬২১ ৫৫১৮/০৪
ই-মেল: niccopark@niccoparks.com ওয়েবসাইট: www.niccoparks.com

শেয়ার হোল্ডারদের প্রতি বিজ্ঞপ্তি

বিষয় - কোম্পানিতে থাকা ইকুইটি শেয়ারগুলি ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড (আইইপিএফ) কর্তৃপক্ষের ডিম্যাট অ্যাকাউন্টে বাধ্যতামূলক স্থানান্তর যার লভ্যাংশ গত সাত বা তার বেশি বছর ধরে অপ্রদেয়/দাবীহীন রয়ে গেছে।

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ১২৪(৬) এবং ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড কর্তৃপক্ষ (অ্যাকাউন্টিং, অডিট, ট্রান্সফার এবং রিফান্ড) বিধি, ২০১৬ ("আইইপিএফ রুলস") এর বিধান অনুসারে এবং ভারত সরকারের কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞাপিত পরবর্তী সংশোধনী অনুসারে, যে কোম্পানির লভ্যাংশ গত সাত বা তার বেশি বছর ধরে অপ্রদেয়/দাবীহীন রয়ে গেছে সেই কোম্পানির ইকুইটি শেয়ারগুলি ভারত সরকার কর্তৃক প্রতিষ্ঠিত ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড কর্তৃপক্ষ ("কর্তৃপক্ষ") এর ডিম্যাট অ্যাকাউন্টে স্থানান্তরিত হবে।
কোম্পানির যেসব শেয়ারহোল্ডার টানা ৭ বছর বা তার বেশি সময় ধরে অর্থাৎ ২০১৮-২০১৯ (চূড়ান্ত লভ্যাংশ) থেকে ২০২৬-২০২৭ পর্যন্ত তাদের লভ্যাংশ নগদ করেননি, তাদের উপরোক্ত আইইপিএফ নিয়ম অনুসারে সুযোগ দেওয়া হচ্ছে, তারা কোম্পানির নিবন্ধিত অফিসে ফোলিও নম্বর(গুলি) অথবা ডিপি এবং ক্লায়েন্ট আইডি(গুলি) উল্লেখ করে একটি লিখিত স্বাক্ষরের মাধ্যমে লভ্যাংশ দাবি করতে পারবেন অথবা মেসার্স আরএসডি ইনফোটেক প্রাইভেট লিমিটেড, রেজিস্ট্রার এবং কোম্পানির শেয়ার ট্রান্সফার এজেন্টের কাছে আবেদন করতে পারবেন। আবেদনের সাথে প্যান কার্ডের স্ব-প্রত্যয়িত কপি, বর্তমান ঠিকানার প্রমাণপত্র, আধার কার্ড এবং সংশ্লিষ্ট ব্যাংক অ্যাকাউন্টের একটি বাতিল চেক পাতা থাকতে হবে। সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারদের তাদের নিবন্ধিত ঠিকানায় ব্যক্তিগত নোটিশ পাঠানো হয়েছে। এই বিষয়ে শেয়ারহোল্ডারদের একটি তালিকা এবং তাদের দাবি না করা/অপ্রদেয় লভ্যাংশের প্রাসঙ্গিক বিবরণ, কর্তৃপক্ষের ডিম্যাট অ্যাকাউন্টে স্থানান্তরিত হওয়ার জন্য দায়ী সংশ্লিষ্ট ইকুইটি শেয়ার ইত্যাদি কোম্পানির ওয়েবসাইটে অর্থাৎ www.niccoparks.com-এ পাওয়া যাবে।
যদি ৩ নভেম্বর ২০২৬ তারিখে বা তার আগে আইইপিএফ নিয়ম অনুসারে লভ্যাংশের বৈধ দাবি গৃহীত না হয়, তাহলে কোম্পানি পরবর্তী কোনও নোটিশ না দিয়েই কর্তৃপক্ষের ডিম্যাট অ্যাকাউন্টে এই ধরনের ইকুইটি শেয়ার স্থানান্তরের জন্য প্রক্রিয়া শুরু করবে।
এই ধরনের ইকুইটি শেয়ার স্থানান্তরের পর শেয়ারহোল্ডাররা নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে শুধুমাত্র কর্তৃপক্ষের কাছ থেকে লভ্যাংশের পরিমাণ এবং ইকুইটি শেয়ার দাবি করতে পারবেন। আরও বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে উপরে উল্লিখিত কোম্পানির ওয়েবসাইটটি দেখুন।
কোনও প্রশ্নের ক্ষেত্রে, শেয়ারহোল্ডাররা কোম্পানির শেয়ার বিভাগের সাথে (০৩৩)-৬৬২১ ৫৫১৮/০৪ নম্বরে যোগাযোগ করতে পারেন, অথবা ankit@niccoparks.com/raja.m@niccoparks.com ঠিকানায় ইমেল করতে পারেন অথবা রেজিস্টার্ড অফিস রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট, মেসার্স, আরএসডি ইনফোটেক প্রাইভেট লিমিটেড,ইউনিট- নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লিমিটেড,১৫/সি নরেশ মিত্র সরণি (পূর্বতন বেলতলা রোড), কলকাতা- ৭০০০২৬, টেলিফোন নং - (০৩৩) ২৪১৯ ২৬৪১, ইমেল info@rdinfotech.net।
সুতরাং, সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারদের তাদের দাবি না করা/অপ্রদেয় লভ্যাংশ, যদি থাকে, যত তাড়াতাড়ি সম্ভব কোম্পানির কাছ থেকে দাবি করার পরামর্শ দেওয়া হচ্ছে।
নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লিমিটেড -এর পক্ষে
স্বা/-
অজিত কুমার ভরদ্বাজ
কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়েন্স অফিসার
স্থান : কলকাতা
তারিখ : ১ আগস্ট ২০২৬

আলফ্রেড হার্বার্ট (ইন্ডিয়া) লিমিটেড
CIN : L74999WB1919PLC003516
নিবন্ধিত কার্যালয়: হার্বার্ট হাউস, ১৩/৩, স্ট্র্যান্ড রোড, কলকাতা ৭০০০০১
টেলি: ০৩৩-২২২৬ ৮৬১৯/২২২৯ ৯১২৪
ইমেইল: kolkata@alfredherbert.com
ওয়েবসাইট: www.alfredherbert.co.in

১০৬তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া যাচ্ছে যে, আলফ্রেড হার্বার্ট (ইন্ডিয়া) লিমিটেড ("কোম্পানি")-এর ১০৬তম বার্ষিক সাধারণ সভা ("এজিএম") শুক্রবার, ২৮ আগস্ট, ২০২৬ তারিখে সকাল ১০:৩০ টায় (আইএসটি) ভিডিও কনফারেন্স ("ভিসি")/অন্যান্য অডিও-ভিজুয়াল মাধ্যম ("ওএভিএম")-এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। এটি কোম্পানি আইন, ২০১৩ এবং এর অধীনে প্রণীত বিধিমালা, কর্পোরেট বিষয়ক মন্ত্রক ("এমসিএ") কর্তৃক জারি করা ৮ এপ্রিল, ২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ১৪/২০২০, ১৩ এপ্রিল, ২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ১৭/২০২০, ৫ মে, ২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ২০/২০২০ এবং ২২ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের জেনারেল সার্কুলার নং ০৩/২০২৫ সহ অন্যান্য প্রাসঙ্গিক সার্কুলার (যৌথভাবে "এমসিএ সার্কুলার"), সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ ("সেবি লিস্টিং রেগুলেশনস") এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া কর্তৃক জারি করা বিভিন্ন পরিপত্রের (যৌথভাবে "সেবি সার্কুলার") প্রযোজ্য বিধানসমূহ অনুসরণ করে, কোম্পানির নিবন্ধিত কার্যালয়ে সদস্যদের শারীরিক উপস্থিতি ছাড়াই কোম্পানির ১০৬তম এজিএম ডাকার বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়াদি সম্পাদনের জন্য অনুষ্ঠিত হবে।
১০৬তম এজিএম-এর বিজ্ঞপ্তি এবং ২০২৫-২৬ সালের বার্ষিক প্রতিবেদন **শনিবার, ০১ আগস্ট, ২০২৬** তারিখে বৈদ্যুতিন মাধ্যমে সেই সমস্ত শেয়ারহোল্ডারদের পাঠানো সম্পন্ন হয়েছে যাদের ই-মেইল ঠিকানা কোম্পানি/ কোম্পানির রেজিস্ট্রার অ্যান্ড ট্রান্সফার এজেন্ট ("আরটিএ")/ ডিপোজিটরি পার্টিসিপেন্ট(সমূহ) ("ডিপি")-এর কাছে নিবন্ধিত আছে।
সেবি লিস্টিং রেগুলেশনস-এর রেগুলেশন ৩৬ অনুযায়ী, ২০২৫-২৬ আর্থিক বছরের বার্ষিক প্রতিবেদনের সম্পূর্ণ বিবরণ যেখানে উপলব্ধ আছে তার সঠিক পথ বা লিঙ্ক সম্বলিত একটি চিঠি সেই সকল সদস্যদের পাঠানো হচ্ছে যারা কোম্পানি/এর আরটিএ/ডিপি-র কাছে তাদের ই-মেইল ঠিকানা নিবন্ধন করেননি।
যে সকল সদস্য এজিএম-এর বিজ্ঞপ্তি এবং ২০২৫-২৬ সালের বার্ষিক প্রতিবেদনের ফিজিক্যাল কপির জন্য অনুরোধ করবেন, তাদের তা পাঠানো হবে। এজিএম-এর বিজ্ঞপ্তি এবং ২০২৫-২৬ সালের বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট www.alfredherbert.co.in, স্টক এক্সচেঞ্জ অর্থাৎ বিএসই লিমিটেড-এর ওয়েবসাইট www.bseindia.com এবং সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল)-এর ওয়েবসাইট www.evotingindia.com-এও পাওয়া যাবে।
সদস্যরা এজিএম-এর বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দেশাবলী অনুসরণ করে ভিসি/ওএভিএম সুবিধার মাধ্যমে এজিএম-এ অংশগ্রহণ করতে পারবেন। ভিসি/ওএভিএম-এর মাধ্যমে এজিএম-এ উপস্থিত সদস্যদের কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ১০৩-এর অধীনে কোরাম গণনার উদ্দেশ্যে গণ্য করা হবে।
কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ১০৮ এবং কোম্পানি (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪-এর বিধি ২০ (সময় সময় সংশোধিত), ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়া (আইসিএসআই) কর্তৃক জারি করা সাধারণ সভা সংক্রান্ত সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫-এর রেগুলেশন ৪৪ (সংশোধিত) এবং এমসিএ সার্কুলার অনুসারে, সদস্যদের এজিএম ডাকার বিজ্ঞপ্তিতে উল্লিখিত সমস্ত রেজোলিউশনের ওপর ইলেকট্রনিক ভোটিং সিস্টেম ব্যবহার করে তাদের ভোট দেওয়ার সুবিধা প্রদান করা হয়েছে। ই-ভোটিং সুবিধা প্রদানের জন্য কোম্পানি সিডিএসএল-কে নিযুক্ত করেছে। যে সকল সদস্য ফিজিক্যাল রূপে শেয়ার ধারণ করছেন বা যারা তাদের ই-মেইল ঠিকানা নিবন্ধন করেননি, তারাও এজিএম-এর বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দেশাবলী অনুসরণ করে বৈদ্যুতিনভাবে তাদের ভোট দিতে পারবেন।
রিমোট ই-ভোটিং পর্ব মঙ্গলবার, ২৫ আগস্ট, ২০২৬ তারিখ সকাল ৯:০০ টায় শুরু হবে এবং বৃহস্পতিবার, ২৭ আগস্ট, ২০২৬ তারিখ বিকেল ৫:০০ টায় শেষ হবে। এই সময়ের মধ্যে সদস্যরা বৈদ্যুতিনভাবে তাদের ভোট দিতে পারবেন। এরপর সিডিএসএল রিমোট ই-ভোটিং মডিউলটি নিষ্ক্রিয় করে দেবে। উক্ত তারিখ ও সময়ের পর রিমোট ই-ভোটিংয়ের অনুমতি দেওয়া হবে না। একবার কোনো সদস্য কোনো রেজোলিউশনের ওপর ভোট দিলে, তাকে পরবর্তীকালে তা পরিবর্তন করতে দেওয়া হবে না। **কাট-অফ তারিখ অর্থাৎ ২১ আগস্ট, ২০২৬ তারিখে** সদস্যদের রেজিস্টারে বা ডিপোজিটরিগুলির রক্ষণাবেক্ষণ করা বেনিফিশিয়াল ওনারদের রেজিস্টারে যে ব্যক্তির নাম নথিভুক্ত থাকবে, কেবলমাত্র তিনিই রিমোট ই-ভোটিং এবং সাধারণ সভায় ভোট দেওয়ার সুবিধা গ্রহণ করার অধিকারী হবেন।
যে সকল সদস্য ভিসি/ওএভিএম সুবিধার মাধ্যমে এজিএম-এ উপস্থিত থাকবেন এবং রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে রেজোলিউশনের ওপর তাদের ভোট দেননি এবং ভোট দেওয়া থেকে অন্য কোনোভাবে বাধাপ্রাপ্ত নন, তারা এজিএম চলাকালীন ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে ভোট দেওয়ার যোগ্য হবেন।
যে সকল সদস্য এজিএম-এর পূর্বে রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে তাদের ভোট দিয়েছেন, তারাও ভিসি/ওএভিএম-এর মাধ্যমে এজিএম-এ উপস্থিত/অংশগ্রহণ করতে পারবেন তবে পুনরায় ভোট দেওয়ার অধিকারী হবেন না।
বিজ্ঞপ্তি বৈদ্যুতিনভাবে পাঠানোর পর যে কোনো ব্যক্তি কোম্পানির শেয়ার অর্জন করে সদস্য হলে এবং কাট-অফ তারিখ অর্থাৎ ২১ আগস্ট, ২০২৬ তারিখে শেয়ার ধারণ করলে, তিনি এজিএম-এর বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দেশাবলী অনুসরণ করে ভোট দিতে পারবেন।
এজিএম-এ অংশগ্রহণ এবং ই-ভোটিং সম্পর্কিত কোনো জিজ্ঞাসা থাকলে, সদস্যরা www.evotingindia.com-এর হেল্প বিভাগে উপলব্ধ এফএকিউএস এবং রিমোট ই-ভোটিং ম্যানুয়াল দেখতে পারেন অথবা helpdesk.evoting@cdslindia.com-এ ই-মেইল করতে পারেন অথবা ১৮০০ ২১০ ৯৯১১ টোল-ফ্রি নম্বরে কল করতে পারেন।
ইলেকট্রনিক মাধ্যমে ভোট দেওয়ার সুবিধা সম্পর্কিত সমস্ত অভিযোগ শ্রী রাকেশ দালভি, এজিএম (সিডিএসএল), সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড, এ উইং, ২৫তম ফ্লোর, ম্যারাথন ফিউচারএক্স, মফতলাল মিল কম্পাউন্ড, এন এম যোশী মার্গ, লোয়ার পারেল (পূর্ব), মুম্বই ৪০০০১৩-এর ঠিকানায় অথবা helpdesk.evoting@cdslindia.com-এ ই-মেইলের মাধ্যমে পাঠানো যেতে পারে অথবা ১৮০০ ২১০ ৯৯১১ টোল-ফ্রি নম্বরে কল করা যেতে পারে।
২৭ মে, ২০২৬ তারিখে অনুষ্ঠিত বোর্ড অব ডিরেক্টরস-এর সভায় ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত আর্থিক বছরের জন্য ১০ টাকা অভিহিত মূল্যের প্রতিটি সম্পূর্ণ পরিশোধিত ইকুইটি শেয়ারের ওপর ২০ টাকা লভ্যাংশ প্রদানের সুপারিশ করা হয়েছে।
এজিএম-এ লভ্যাংশ ঘোষণা করা হলে, ইকুইটি শেয়ারের ওপর লভ্যাংশের জন্য যোগ্য সদস্যদের নাম নির্ধারণের রেকর্ড তারিখ হবে ২১ আগস্ট, ২০২৬।
আয়কর আইন, ২০২৫ ("আইন")-এর প্রচলিত বিধান অনুযায়ী, কোম্পানি কর্তৃক প্রদত্ত বা বণ্টিত লভ্যাংশ সদস্যদের হাতে করযোগ্য। তাই কোম্পানিকে সদস্যদের লভ্যাংশ প্রদানের সময় নির্ধারিত হারে উৎসে কর (টিডিএস) কাটার প্রয়োজন হবে। এ বিষয়ে সমস্ত যোগাযোগ/জিজ্ঞাসা contact@mdplcorporate.com-এ পাঠাতে হবে।
আইনের নিজ নিজ বিধানের অধীনে কোন উপযুক্ত হারে উৎসে কর কাটতে হবে তা নির্ধারণে কোম্পানিকে সক্ষম করার জন্য, সদস্যদের ২১ আগস্ট, ২০২৬ তারিখে বা তার পূর্বে contact@mdplcorporate.com-এ তাদের জন্য প্রযোজ্য নথিপত্র প্রদান/জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। সদস্যদের দ্বারা প্রদত্ত এবং প্রযোজ্য নথিপত্রের ভিত্তিতে নির্ধারিত এবং আইন অনুসারে সম্পূর্ণ ও সন্তোষজনক বলে বিবেচিত নথিপত্রের ভিত্তিতে উৎসে কর কাটার পর লভ্যাংশ প্রদান করা হবে। আরও বিস্তারিত জানার জন্য, সদস্যদের এজিএম-এর বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দেশাবলী দেখার জন্য অনুরোধ করা হচ্ছে।
ডিম্যাট ফর্মে শেয়ার ধারণকারী সদস্যদের তাদের নিজ নিজ ডিপি-র কাছে কেওয়াইসি বিবরণ (ঠিকানা বা ব্যাঙ্ক অ্যাকাউন্ট বিবরণে কোনো পরিবর্তন সহ) নিবন্ধন/আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে এবং ফিজিক্যাল ফর্মে শেয়ার ধারণকারী সদস্যদের লভ্যাংশ প্রদান সহজতর করার জন্য বাধ্যতামূলকভাবে মহেশ্বরী ডাটামাটিক্স প্রাইভেট লিমিটেড, ২৩, আর.এন. মুখার্জি রোড, ৫ম ফ্লোর, কলকাতা ৭০০ ০০১, ফোন নম্বর: ০৩৩-২২৪৮ ২২৪৮, ২২৪৩ ৫০২৯, ই-মেইল: contact@mdplcorporate.com-এ যথাযথভাবে পূরণকৃত ও স্বাক্ষরিত ফর্ম আইএসআর-১ জমা দিয়ে তাদের কেওয়াইসি (ডাক ঠিকানা, ই-মেইল ঠিকানা, পার্মানেন্ট অ্যাকাউন্ট নম্বর (প্যান), ব্যাঙ্ক অ্যাকাউন্ট বিবরণ ইত্যাদি সহ) নিবন্ধন/ আপডেট করতে হবে, যা শুধুমাত্র ইলেকট্রনিক মোডের মাধ্যমে প্রদান করা হবে। ফর্ম আইএসআর-১ আরটিএ-এর ওয়েবসাইট mdpl.in/downloads.php-এ পাওয়া যাবে।
আলফ্রেড হার্বার্ট (ইন্ডিয়া) লিমিটেড-এর পক্ষে
স্বা/-
তৃপ্তি উপাধ্যায়
কোম্পানি সেক্রেটারি ও চিফ ফিনান্সিয়াল অফিসার
স্থান : কলকাতা
তারিখ: ১ আগস্ট, ২০২৬